

# বাংলাদেশে ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা।

বিকেএসপি তৃণমূল কাপ (অ-১৩) ফুটবল টুর্নামেন্ট ২০১৭

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১। প্রতিযোগিতা ফিফা কর্তৃক প্রণীত আইন অনুযায়ী ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনের গৃহীত আইনানুসারে পরিচালিত হবে।
- ২। প্রতিযোগিতা নক-আউট পদ্ধতিতে পরিচালিত হবে।
- ৩। প্রতিযোগিতায় প্রতিটি দলে ১৬ জন খেলোয়াড়, ০১ জন কোচ, ০১ জন ম্যানেজার নিয়ে গঠিত হবে। দলে কোন প্রকার অতিরিক্ত সদস্য গ্রহণযোগ্য হবে না।
- ৪। প্রতিযোগিতায় প্রতিটি খেলা (৩৫+১০+৩৫) মিনিট স্থায়ী হবে। অর্থাৎ উভয় অর্ধে ৩৫ মিনিট করে খেলা পরিচালিত হবে এবং ১০ মিনিট মধ্য বিরতি থাকবে। খেলা অমিমাংসিত থাকলে সরাসরি টাইব্রেকারের মাধ্যমে ফলাফল নিষ্পত্তি করা হবে।
- ৫। প্রতিটি দল খেলায় সর্বোচ্চ ০৪ জন করে খেলোয়াড় পরিবর্তন করতে পারবে। ০৫ জন অতিরিক্ত খেলোয়াড়ের মধ্য হতে প্রতি দলকে বাধ্যতামূলকভাবে ০৩ জন খেলোয়াড়কে পরিবর্তন করতে হবে যাদেরকে কমপক্ষে ২০ মিনিট খেলাতে হবে।
- ৬। প্রতিটি খেলোয়াড়ের বয়স অবশ্যই ১৩ বছরের নিচে হতে হবে। বয়স নির্ধারণ কমিটির নিকট দলে সকল খেলোয়াড়ের জন্মনিবন্ধন ও পিএসসি/সমমানের সনদ প্রদর্শন করতে হবে। বয়স নির্ধারণ কমিটি ১৬ জন খেলোয়াড়ের মধ্যে কোন খেলোয়াড়কে যদি ১৩ বছরের অধিক বয়স বলে সিদ্ধান্ত দেয় তাহলে উক্ত খেলোয়াড়কে এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না এবং সংশ্লিষ্ট দলকে পরবর্তীতে অন্য কোন খেলোয়াড় অন্তর্ভুক্ত করার সুযোগ দেওয়া হবে না।
- ৭। প্রত্যেক দলের জার্সি নম্বরসহ খেলোয়াড়দের পোশাক যেমন- জার্সি, শর্টস, সিনগার্ড, শকস বুট, নিয়ে অবশ্যই মাঠে নামতে হবে। উভয় দলের জার্সির রং এক হলে টেমের মাধ্যমে জার্সি নির্ধারণ করা হবে।
- ৮। খেলা আরম্ভের কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে মাঠে উপস্থিত হতে হবে।
- ৯। কোন দলের কোন খেলোয়াড় এই প্রতিযোগিতায় ০২ হলুদ কার্ড বা ০১ টি লাল কার্ড পেলে উক্ত খেলোয়াড় পরবর্তী এক খেলায় অংশগ্রহণ করতে পারবে না। রেফারীর রিপোর্টের পরিপ্রেক্ষিতে খেলা পরিচালনা কমিটি উক্ত খেলোয়াড়ের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে।
- ১০। খেলোয়াড় তালিকায় প্রদর্শিত নাম ও জার্সি নম্বর কোন ভাবেই পরিবর্তন করা যাবে না। তবে সংশোধন/পরিবর্তনের প্রয়োজন হলে টুর্নামেন্ট কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।
- ১১। যাদের বয়স ০১-০৫-২০০৪ খ্রিষ্টাব্দ এর পর শুধুমাত্র তারাই উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ১২। কোন দলে কমপক্ষে ৭ জনের খেলোয়াড় না হলে ঐ দল বৈধ বলে গন্য হবে না।
- ১৩। রেফারীর সিদ্ধান্তের বিরুদ্ধে কোন ধরনের প্রতিবাদ করা চলবে না। রেফারীর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১৪। কর্তৃপক্ষ খেলার তারিখ ও সময় পরিবর্তন করার ক্ষমতা রাখে।



মোঃ শাহাদত হোসেন

ভারপ্রাপ্ত উপ-পরিচালক

বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র

খুলনা।